



## KEY FACTS

- Duchenne and Becker muscular dystrophy are rare genetic diseases causing progressive muscle breakdown.
- It is caused by a mutation on the X-chromosome, that is why mainly boys are affected.
- Currently, there is no cure available.
- Each year, 1 in 5,000 boys are born with DMD worldwide.
- The average age of diagnosis for DMD is 4.5 years.
- On average there is a delay of 2.5 years between when symptoms first appear and when the diagnosis is made.
- With optimal care, individuals with DMD can live into their 30s and even beyond.

 worldduchenne

 duchenneday  
worldduchenne

 worldduchenne

## বিশ্ব ডুচেন সচেতনতা দিবস ২০২৫

বিশ্ব ডুচেন সচেতনতা দিবস ২০২৫

থিম: পরিবার: যত্নের হৃদয়

বিশ্ব ডুচেন সচেতনতা দিবস (WDAD) প্রতি বছর ৭ই সেপ্টেম্বর পালিত হয়। ২০২৫ সালের WDAD-এর থিম: “পরিবার: যত্নের হৃদয়”।

**“পরিবার: যত্নের হৃদয়”**

এই থিমের মাধ্যমে WDAD ডুচেন ও বেকার মাসকুলার ডিসট্রোফিতে (DMD ও BMD) আক্রান্ত ব্যক্তিদের জীবনে পরিবারের অবদানকে তুলে ধরছে।

ডুচেন মাসকুলার ডিসট্রোফি (DMD) নিয়ে জীবন একটি দীর্ঘ ও কঠিন পথ। এই পথে পরিবারের ভালোবাসা, সহানুভূতি এবং প্রতিদিনের অংশগ্রহণ শুধু যত্নেই নয়, বরং জীবনযাত্রার গুণমান ও মানসিক সুস্থতায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

ডুচেন-এ আক্রান্ত একজন ব্যক্তির জন্য—

- পিতামাতা হয়ে ওঠেন সবচেয়ে বড় সমর্থক ও পরিচর্যাকারী।
- ভাইবোনেরা হয় সঙ্গী ও আজীবন বন্ধু।
- দাদা-দাদি, কাকা-মামা, খালা-ফুফুরা হন সহায়ক শক্তি।
- পরিবার বলতে শুধুমাত্র রক্তের সম্পর্ক নয়, বন্ধুরাও অন্তর্ভুক্ত হতে পারেন এবং সমাজও একটি সমর্থনমূলক পরিবার হয়ে উঠতে পারে।

## WDAD প্রামাণ্যচিত্র

এই ৭ই সেপ্টেম্বর, World Duchenne Organization একটি প্রামাণ্যচিত্র প্রকাশ করবে। এতে পৃথিবীর বিভিন্ন প্রান্তের পরিবারদের দেখা যাবে যারা ডুচেন মাসকুলার ডিসট্রোফি নিয়ে জীবন যাপন করছেন।

এর মাধ্যমে শুধুমাত্র রোগের শারীরিক ও মানসিক চ্যালেঞ্জ নয়, বরং ভালোবাসা, দৃঢ়তা ও আশা—যা পরিবারগুলোকে একত্রিত করে—তা তুলে ধরা হবে। এটি কেবল একটি চলচ্চিত্র নয়, বরং একটি বৈশ্বিক সচেতনতা, বোঝাপড়া এবং ঐক্যের আহ্বান।

## আপনি কী করতে পারেন:

এই থিমটি সকলের মাঝে ছড়িয়ে দিন। সহযোগিতার মাধ্যমে আমরা একটি আরও অন্তর্ভুক্তিমূলক এবং সহানুভূতিশীল সমাজ গড়ে তুলতে পারি dystrophinopathies-এ আক্রান্ত ব্যক্তিদের জন্য।

আরও তথ্যের জন্য ভিজিট করুন: [www.worldduchenne.org](http://www.worldduchenne.org)



## KEY FACTS

- Duchenne and Becker muscular dystrophy are rare genetic diseases causing progressive muscle breakdown.
- It is caused by a mutation on the X-chromosome, that is why mainly boys are affected.
- Currently, there is no cure available.
- Each year, 1 in 5,000 boys are born with DMD worldwide.
- The average age of diagnosis for DMD is 4.5 years.
- On average there is a delay of 2.5 years between when symptoms first appear and when the diagnosis is made.
- With optimal care, individuals with DMD can live into their 30s and even beyond.

প্রয়োজনে যোগাযোগ করুন:

Nicoletta Madia  
World Duchenne Organization  
nicoletta.madia@worldduchenne.org

### মূল তথ্য (Key Facts):

- ডুচেন ও বেকার মাসকুলার ডিসট্রোফি একটি বিরল জেনেটিক রোগ যা ধীরে ধীরে পেশির ক্ষয় ঘটায়।
- এটি X-ক্রোমোজোমের একটি মিউটেশনের কারণে হয়, তাই সাধারণত ছেলেরাই বেশি আক্রান্ত হয়।
- বর্তমানে এর কোনো চিকিৎসা নেই।
- প্রতি বছর বিশ্বব্যাপী প্রতি ৫,০০০ জন ছেলের মধ্যে একজন DMD নিয়ে জন্মায়।
- DMD রোগ নির্ণয়ের গড় বয়স ৪.৫ বছর।
- উপসর্গ দেখা দেওয়ার পর নির্ণয় পর্যন্ত গড়ে ২.৫ বছরের দেরি হয়।
- সঠিক যত্নে, DMD আক্রান্ত ব্যক্তি ৩০ বছর বা তার বেশি বয়স পর্যন্ত বাঁচতে পারেন।

### ডুচেন ও বেকার মাসকুলার ডিসট্রোফি সম্পর্কে:

ডুচেন মাসকুলার ডিসট্রোফি একটি বিরল রোগ, যেখানে সময়ের সাথে সাথে পেশিগুলি দুর্বল হয়ে পড়ে এবং পুরো শরীরে প্রভাব ফেলে। এটি X-ক্রোমোজোমে একটি মিউটেশনের কারণে হয়, যার ফলে সাধারণত পুরুষরাই আক্রান্ত হন। হাঁটাচলা প্রথমে কঠিন হয়ে পড়ে, পরে অন্যান্য মোটর কার্যকলাপ, এমনকি শ্বাসপ্রশ্বাস এবং হৃদপিণ্ডের কাজও প্রভাবিত হয়।

প্রোটিনের অভাব মস্তিষ্কেও প্রভাব ফেলে, তাই শেখা ও আচরণগত সমস্যাও দেখা দিতে পারে। বেকার মাসকুলার ডিসট্রোফি (BMD) ডুচেনের তুলনায় তুলনামূলকভাবে কম তীব্র রোগ।

### বিশ্ব ডুচেন সচেতনতা দিবস সম্পর্কে:

WDAD প্রতি বছর ৭ই সেপ্টেম্বর পালিত হয়। এই দিবসটির লক্ষ্য হলো ডুচেন ও বেকার মাসকুলার ডিসট্রোফি সম্পর্কে সচেতনতা বাড়ানো এবং শিক্ষামূলক, সামাজিক অন্তর্ভুক্তি ও অভিজ্ঞতা ভাগাভাগির মাধ্যমে জীবনমান উন্নয়ন।

